

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২১০

আগরতলা, ২৬ মার্চ, ২০২৫

বিধানসভা সংবাদ

রাজ্য সরকার কৃষকদের কাছ থেকে এ পর্যন্ত ২ লক্ষ
২৫ হাজার মেট্রিকটন ধান ক্রয় করেছে : খাদ্যমন্ত্রী

২০১৮ সাল থেকে এ পর্যন্ত রাজ্য সরকার কৃষকদের কাছ থেকে ২ লক্ষ ২৫ হাজার মেট্রিকটন ধান ক্রয় করেছে এবং সহায়কমূল্য বাবদ কৃষকদের ৪৪৫ কোটি টাকা প্রদান করেছে। আজ রাজ্য বিধানসভায় বিধায়ক দীপঙ্কর সেনের এক প্রশ্নের উত্তরে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী এ তথ্য জানিয়েছেন। তিনি জানান, রাজ্য সরকার ২০১৮ সাল থেকে কৃষকদের আর্থিক উন্নয়নের স্বার্থে সরাসরি কৃষকদের থেকে সরকারি সহায়কমূল্যে ধান ক্রয় করার প্রক্রিয়া শুরু করেছে। বর্তমানে রাজ্য সরকারের খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক এবং কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের যৌথ উদ্যোগে বছরে দুটি (রবি ও খারিফ) মরশুমে নিয়মিতভাবে কৃষকদের থেকে কেন্দ্রীয় সরকার দ্বারা নির্ধারিত সহায়কমূল্যে ধান ক্রয় করা হচ্ছে। গত রবি মরশুমে কৃষকদের কাছ থেকে ১৭ হাজার মেট্রিকটন ধান কেনা হয়েছে। তিনি বলেন, রাজ্যে যতদিন বিজেপি সরকার থাকবে ততদিন কৃষকদের কাছ থেকে সহায়কমূল্যে ধান কেনা হবে। এতে কৃষকদের আর্থিক বুনিয়াদ শক্তিশালী হবে। তিনি জানান, চলতি বছরের জুলাই মাস থেকে রবি মরশুমের আওতায় কৃষকদের কাছ থেকে সরকারি সহায়কমূল্যে ধান কেনা হবে।
